# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 10-08-2025** **Time: 7.35 AM.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) নবান্ন অভিযানে গিয়ে আর জি করের নির্যাতিতা তরুণী চিকিৎসকের মা ও বাবার আহত হওয়ার অভিযোগকে কেন্দ্র করে রাজনৈতিক তর্জা তুঙ্গে।

২) রাজ্যে বিশৃঙ্খলা ছড়াতে বিজেপি পরিকল্পিতভাবে নবান্ন অভিযানের নামে অরাজকতা তৈরি করেছে বলে অভিযোগ তৃণমূল কংগ্রেসের।

৩) দিল্লীর হরিনগরে দেওয়াল ভেঙে মৃতদের মধ্যে এরাজ্যের পাঁচ পরিযায়ী শ্রমিক রয়েছেন বলে জানা গেছে।

৪) রাজ্যের প্রথম বাতানুকূল ইএমইউ লোকাল ট্রেনের সূচনা হচ্ছে আজ। বাণিজ্যিক যাত্রা শুরু হবে ১৫ ই আগস্টের আগেই।

৫) মোহনবাগান সুপার জায়ান্ট ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে।

-----------------------------------------------------------------------------------

নবান্ন অভিযানে গিয়ে আর জি করের নির্যাতিতা তরুণী চিকিৎসকের মা ও বাবার আহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে রাজনৈতিক তর্জা তুঙ্গে। দুজনকেই চিকিৎসার জন্য কলকাতার একটি বেসরকারি হাসাপাতলে ভর্তি করা হয়েছে। আর জি করের ঘটনার

এক বছর পূর্তিতে গতকাল নির্যাতিতার পরিবার নবান্ন অভিযানের আহ্বান জানিয়েছিল। এতে যোগ দেন বিরোধী দলনেতা সহ বিজেপির নেতা কর্মী সমর্থকরা। ছিলেন সাধু সন্ত সমাজের প্রতিনিধিরাও। হাওড়ার সাঁতরাগাছিতে উঁচু রেলিং দিয়ে বিক্ষোভকারীদের পথ আটকায় পুলিশ। ধর্মতলার ডোরিনা ক্রসিং-এও একইরকম ব্যবস্থা করা হয়। বেলা ১২টা নাগাদ পার্কস্ট্রীট হয়ে মিছিল নবান্নের দিকে রওনা হলে তাদের পার্কস্ট্রীট মোড়ে আটকে দেয় পুলিশ। পুলিশের সঙ্গে আন্দোলনকারীদের ধস্তাধস্তি শুরু হয়ে যায়। সেই সময় নির্যাতিতার মা ও বাবা আঘাত পান বলে দাবি। অভিযোগ, লাঠির আঘাতে নির্যাতিতার মায়ের কপালে চোট লাগে। ভেঙে যায় হাতের শাঁখাও। এরপরই তাদের সেখান থেকে কলকাতার একটি বেসরকারি হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যাওয়া হয়। তাদের দেখতে যান বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি নেতৃবৃন্দ। যান চিকিৎসকদের সংগঠন এবং জুনিয়ার ডাক্তাররাও। তাদের প্রতিনিধি ডাক্তার দেবাশিস হালদার সাংবাদিকদের কাছে বলেন, দুজনের অবস্থা স্থিতশীল হলেও তাদের আরও চিকিৎসা সহায়তার প্রয়োজন।

বাইট দেবাশিস

রাজ্যে অঘোষিত জরুরী অবস্থা চলছে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। হাসপাতাল থেকে বেরিয়ে সাংবাদিকদের কাছে তিনি বলেন, পূর্ব ঘোষিত কলকাতা হাইকোর্ট অনুমোদিত কর্মসূচীতে নিরীহ নিরস্ত্র আন্দোলনকারীদের ওপর পুলিশ নির্বিচারে লাঠি চালিয়েছে। গুরুতর আহত হয়েছেন অভয়ার বাবা - মা সহ অনেকেই। রাজ্যে এই অবস্থার বদল হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাইট শুভেন্দু

নবান্ন অভিযানে পুলিশের লাঠিচার্জের কড়া সমালোচনা করেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। অধীর বাবু বলেন, আরজি কর হাসপাতালের তরুণী চিকিৎসককে ধর্ষণ করে খুনের ঘটনা আজও সবার স্মৃতিতে রয়েছে। আরজি কর কান্ডের প্রতিবাদে সারা বাংলার মানুষ প্রতিবাদ করেছে। অভয়ার বাবা-মা ন্যায় বিচারের দাবিতে সর্বত্র দৌড়ে বেড়াচ্ছেন। মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করে অধীর বাবু বলেন, বাংলার মুখ্যমন্ত্রী এই নৃশংস ঘটনার বিরুদ্ধে প্রতিবাদকে কণ্ঠরোধ করতে চাইছেন।

নবান্ন অভিযানে যোগ দেওয়া অভয়ার শোকার্ত বাবা-মাকে মারধরের তীব্র নিন্দা করেছে SUCI কমিউনিস্ট। এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য্য বলেন, এই ঘটনা পুলিশি বর্বরতার প্রমাণ।

----------------------

নবান্ন অভিযানের পাশাপাশি অভয়া মঞ্চের ডাকা কালিঘাট চলো অভিযানকে কেন্দ্র করেও হাজরা মোড় লাগোয়া এলাকা গতকাল উত্তপ্ত হয়ে ওঠে। চিকিৎসক সংগঠনগুলি ছাড়াও অনেক বুদ্ধিজীবী এতে অংশ নেন। পুলিশ মিছিলের অনুমতি না দেওয়ায় হাজরা মোড়ে মঞ্চ বেধে করা হয় সভা। অংশ নেন বিশিষ্ট সমাজকর্মী মীরাতুন নাহার, পল্লব কীর্তনিয়া সহ অভিনেতা, গায়ক, কবি, সাহিত্যিকরা। সভা মঞ্চে উপস্থিত হন নদীয়ার কালিগঞ্জে দুষ্কৃতীদের বোমার আঘাতে নিহত তামান্না খাতুনের মা। রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের ভূমিকার কড়া সমালোচনা করেন তিনি।

বাইট - তামান্না খাতুনের মা

নবান্ন অভিযানে গিয়ে আহত অভয়ার বাবা – মার সঙ্গে দেখা করতে যান তমান্নার মা।

---------------------

নবান্ন অভিযানে পুলিশকে হুমকি দেওয়ার অভিযোগে বিজেপি বিধায়ক অশোক দিন্দার বিরুদ্ধে FIR দায়ের করেছে কলকাতা পুলিশ। এছাড়াও নবান্ন অভিযানে পুলিশ গতকাল ছটি এফআইআর দায়ের করেছে। পুলিশ সূত্রে জানানো হয়েছে যে, কলকাতা হাইকোর্টের শান্তিপূর্ণভাবে মিছিলের নির্দেশ গতকাল মানা হয়নি। পুলিশকেও আক্রমণ করা হয়েছে। অভয়ার মা ও বাবার ওপর লাঠিচার্জের যে অভিযোগ হয়েছে তা মিথ্যা বলেও পুলিশের দাবি।

পাঁচ জন পুলিশ কর্মী আহত হয়েছেন বলে পুলিশ সূত্রে জানানো হয়েছে। তাদের চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়।

---------------------

রাখি বন্ধন উৎসব বন্ধ করতে বিজেপি পরিকল্পিতভাবে আজ নবান্ন অভিযানের নামে রাস্তায় নেমে অরাজকতা তৈরি করেছে বলে শাসক দল তৃণমূল কংগ্রেস পাল্টা অভিযোগ করেছে। রাজ্যের মন্ত্রী শশী পাঁজা এক সাংবাদিক বৈঠকে বলেন, বিজেপি বাংলা বিরোধী, বাংলা ভাষা বিরোধী এবং বাংলার সংস্কৃতি বিরোধী।

বাইট - শশী পাঁজা

---------------------

স্পটলাইট-এ এবারের বিষয় বর্তমান সময়ে ভারতের অর্থনীতি এবং বিশ্ব রাজনীতি। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। অধ্যাপক অনিক চ্যাটার্জীর সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শোনা যাবে আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে ।

----------------------

দিল্লির হরিনগর এলাকায় প্রবল বৃষ্টিতে দেওয়াল ভেঙ্গে মৃত ৮ জনের মধ্যে এ রাজ্যের পাঁচ পরিযায়ী শ্রমিক রয়েছেন বলে জানা গেছে। রবিউল শেখ, রুবিনা বিবি, রুকসানা খাতুন এবং হাসিনা খাতুন নামে ওই চারজন মুর্শিদাবাদ এর নওদার গঙ্গাধারি গ্রামের বাসিন্দা। পরিবারটি তিন চার বছর ধরে দিল্লিতেই বসবাস করত বলে জানা গেছে। নিহতদের মধ্যে একজন মালদার বাসিন্দা বলেও খবর। দুর্ঘটনার সময় সকলেই ঘুমিয়েছিলেন বলে পুলিশ জানিয়েছে। দুর্ঘটনার পরে ঘটনাস্থলে যান মুর্শিদাবাদের সাংসদ আবু তাহের খান এবং রাজ্যসভার সাংসদ তথা পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদের চেয়ারম্যান সামিরুল ইসলাম। দুর্ঘটনায় যখন একজনের চিকিৎসা চলছে।

----------------------

রাজ্যে প্রথম বাতানুকূল ই এম ইউ লোকাল ট্রেন এর সূচনা হচ্ছে আজ। দুই কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. সুকান্ত মজুমদার ও শান্তনু ঠাকুর, সকাল ১১টা নাগাদ পতাকা নাড়িয়ে শিয়ালদহ থেকে রানাঘাট এই ট্রেনের যাত্রার আনুষ্ঠানিক সূচনা করবেন। পূর্ব রেলের ভারপ্রাপ্ত আধিকারিক তথা শিয়ালদহের ডি পি ও - একলব্য চক্রবর্তী জানান, বাতানূকূল এই EMU লোকাল শিয়ালদহ থেকে ছাড়ার পর থামবে - বিধাননগর, দমদম জংশন, সোদপুর, খড়দা, ব্যারাকপুর, নৈহাটি, কাঁচরাপাড়া, কল্যাণী ও চাকদহ রেল স্টেশনে। রানাঘাট থেকে ডাউন লাইনে সকাল ৮ টা ২৯ মিনিটে ছেড়ে ট্রেনটি শিয়ালদহে পৌঁছবে সকাল ১০ টা বেজে ১০ মিনিটে। আবার সন্ধ্যা নাগাদ আপ লাইনে রাতের দিকে ৬টা ৫০ মিনিটে ছেড়ে ট্রেনটি রানাঘাট পৌঁছবে রাত ৮টা ৩২ নাগাদ। উল্লেখ্য, স্বাধীনতা দিবসের আগে বাণিজ্যিকভাবেই যাত্রা শুরু করবে ওই নতুন লোকাল

ট্রেনটি। ট্রেনের যাত্রা পুরোদমে আরম্ভ হলে নিত্য যাত্রীদের ভিড় সামাল দেওয়া ও গরমের সময় রেলযাত্রীদের কষ্ট লাঘব হবে।

---------------------

কোচবিহারে ডোডিয়ার হাট বাজারে তৃণমূল কংগ্রেস নেতাকে গুলি করে খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ডাওয়াগুড়ির গ্রাম পঞ্চায়েতের প্রধানের ছেলে, স্থানীয় তৃণমূল নেতা অমর রায় বাজারে গেলে খুব কাছ থেকে তার মাথায় গুলি করা হয়। ঘটনাস্থলেই মৃত্যু হয় অমর রায়ের। এই ঘটনায় গুলিবিদ্ধ হয়েছেন তার গাড়ির চালক। এর পেছনে রাজনীতির যোগ রয়েছে কিনা তা খতিয়ে গেখছে পুলিশ।

---------------------

কলকাতার নারকেলডাঙ্গা থানা এলাকায় শীতলাতলা লেনে, গতকাল একটি পুরানো দোতলা বাড়ির একাংশ ভেঙ্গে পড়লে এক মহিলা আহত হয়েছেন। দমকল পৌঁছানোর আগেই স্থানীয়রা আহত মহিলাকে হাসপাতালে ভর্তি করে। দমকলের দুটি ইঞ্জিন গিয়ে ধ্বংসস্তুপ সরাবার কাজ চালায়।

---------------------

টিউশন পড়তে গিয়ে নিখোঁজ বর্ধমানের নাবালিকাকে রাজস্থানের পালি থেকে উদ্ধার করল সিবিআই। ৫ জনকে গ্রেফতার করা হয়েছে। জানা গেছে ২০২৩ সালের ৯ ই আগস্ট ঐ নাবালিকা টিউশন পড়তে গিয়ে আর ফেরেনি। পুলিশ ও সিআইডি তদন্ত করলেও সেই নাবালিকার সন্ধান মেলেনি। বাধ্য হয়ে নাবালিকার মা হাইকোর্টে মামলা করেন এবং হাইকোর্টের নির্দেশে সিবিআই গতবছর ফেব্রুয়ারিতে মামলা রুজু করে তদন্তে নামে। দীর্ঘ তদন্তের পর সিবিআই রাজস্থানের পালি থেকে ঐ নাবালিকাকে উদ্ধার

করে।৫ অভিযুক্তকে গ্রেফতার করে আদালতে ট্রানজিট রিম্যান্ডের জন্য আবেদন জানানো হয়েছে। তাদের পূর্ববর্ধমানের বিশেষ আদালতে পেশ করা হবে।

---------------------

কোনা এক্সপ্রেসওয়ে ছয় লেনে পরিবর্তন করার কাজ চলায় কলকাতা ও হাওড়ার মধ্যে সংযোগকারী দ্বিতীয় হুগলি সেতু সহ সংলগ্ন রাস্তাগুলিতে যান চলাচল নিয়ন্ত্রন করা হবে। আজ থেকে পুনরায় নির্দেশ পর্যন্ত সকাল ৬ টা থেকে রাত এগারোটা পর্যন্ত সেতুর উপর দিয়ে চলাচলকারী সব ধরনের পন্যবাহী যান বিকল্প পথে ঘুরিয়ে দেওয়া হবে বলে বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে পুলিশ।

---------------------

মোহনবাগান সুপার জায়ান্ট ১৩৪ তম ডুরান্ড কাপ ফুটবলের কোয়ার্টার ফাইনালে উঠেছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে গতকাল মোহনবাগান ৫-১ গোলে ডায়মন্ড হারবার এফ সি কে হারিয়ে গ্রুপ বি, তে চ্যাম্পিয়ন হয়ে শেষ আটে পৌঁছেছে।

মোহনবাগানের পক্ষে অনিরুদ্ধ থাপা, জেমি ম্যাকলারেন, লিস্টন কোলাসো, সাহাল আবদুল সামাদ, জেসন কামিংস গোল করেছেন। ডায়মন্ড হারবার এফ সি- র লুকা মাজেন একটি গোল করেন।

--------------------- ---------------------